



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

পল্লীর রথে, প্রগতির পথে

প্রধান কার্যালয়

বাড়ি- ৫, এভিনিউ- ৩, কমার্স কলেজ রোড, মিরপুর- ২, ঢাকা- ১২১৬

[www.pdbf.gov.bd](http://www.pdbf.gov.bd)



১০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ

তারিখ: ২৪ মার্চ, ২০২২ খ্রি.

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১১.২৩.২৭৬.১০-১০০৮

**বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ উদযাপন প্রসঙ্গে।**

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়ে আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে ২৫ মার্চ ও ২৬ মার্চ, ২০২২ খ্রি. তারিখ নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে:

**কর্মসূচি:**

- ২৫ মার্চ, ২০২২ সকাল ১০:০০ ঘটিকায় : গণহত্যা দিবসে আলোচনা সভা;
- ২৬ মার্চ, উদয়লগ্নে : জাতীয় পতাকা উত্তোলন;
- ২৬ মার্চ সন্ধ্যা ৬.০০ ঘটিকা হতে ২৭ মার্চ উদয় অবধি : পিডিবিএফ প্রধান কার্যালয় ভবন আলোক সজ্জিতকরণ;
- ঐদিন সকাল ১০:০০ ঘটিকায় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন;
- একইদিন সকাল ১১:০০ ঘটিকায় : পিডিবিএফ-এর প্রশিক্ষণ হলে আলোচনা সভা;
- দুপুর ০১:৩০ ঘটিকায় : আপ্যায়ন।

পিডিবিএফ, প্রধান কার্যালয়ের উপপরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ এবং সকল অঞ্চলের উপপরিচালকবৃন্দ Zoom App (ID: 4489786932; Password: pdbf123) এর মাধ্যমে নিজ পদবী এবং নাম সৃজনপূর্বক ২৫ মার্চ অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। পিডিবিএফ, প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও আমন্ত্রিতবর্গ ২৬ মার্চ অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। বিদ্যমান কোভিড- ১৯ পরিস্থিতি বিবেচনায় সকল অংশগ্রহণকারীকে অনুষ্ঠানে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

  
২৪/০৩/২০২২

(মুহম্মদ মউদুদউর রশীদ সফদার)

ব্যবস্থাপনা পরিচালক

**জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি:**

১. পরিচালক, মাঠ পরিচালন/অর্থ ও পরিকল্পনা, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা;
২. যুগ্ম পরিচালক, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা, (তথ্য-প্রযুক্তি শাখাকে নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. যুগ্ম পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. যুগ্ম পরিচালক (সাধারণ সেবা), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা [নিজস্ব উদ্যোগে উক্ত অনুষ্ঠানের স্থিরচিত্র ও অডিও- ভিডিও ধারণ এবং পিডিবিএফ প্রধান কার্যালয় ভবন আলোক সজ্জিতকরণের (২৬ মার্চ সন্ধ্যা ৬.০০ ঘটিকা হতে ২৭ মার্চ উদয় অবধি) ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
৫. উপপরিচালক (সকল), ..... অঞ্চল;
৬. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, ঢাকা;
৭. নোটিশ বোর্ড (পিডিবিএফ এর সকল কর্মকর্তা/কর্মচারীর জ্ঞাতার্থে);
৮. সংশ্লিষ্ট নথি রক্ষক।